[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গাংনীর এমপি সাহিদুজ্জামান খোকন এর সাথে জননেত্রী শেখ হাসিনা প্রজন্ম লীগ নেতাদের সৌজন্য স্বাক্ষাত

নবগঠিত জননেত্রী শেখ হাসিনা প্রজন্মলীগের জেলা ও উপজেলা কমিটির নেতৃবৃন্দরা মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকনের সাথে সৌজন্য স্বাক্ষাত করেছে।

শুক্রবার বেলা সাড়ে ১১টার সময় জননেত্রী শেখ হাসিনা প্রজন্ম লীগ নেতারা এমপি সাহিদুজ্জামান খোকনের বাসভবনে গিয়ে তাকে ফুলের তোড়া দিয়ে অভিনন্দন জানান।

শেখ হাসিনা প্রজন্ম লীগের জেলা সভাপতি মোঃ শাহান আলীর নেতৃত্বে নেতা কর্মীরা এমপি সাহিদুজ্জামান খোকনের বাসভবনে যান।

এ সময় এমপি সাহিদুজ্জামান খোকন তাদের দিক নির্দেশনা বিষয়ক পরামর্শ দিয়ে বলেন বঙ্গবন্ধুর আদর্শে জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালি করাই আমাদের লক্ষ্য।

আমরা চাই এমন সংগঠন তৈরী হোক যারা বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে বাংলাদেশের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নির্দেশ মেনে দেশকে উন্নয়নের দিকে নিয়ে যেতে হবে এবং জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালি করতে হব।

শেখ হাসিনা প্রজন্ম লীগের জেলা কমিটির সভাপতি শাহান আলি ছাড়াও অন্যান্যদের মধ্যে জেলা কমিটির সহ-সভাপতি মোঃ আবুল কাশেম, গাংনী উপজেলা কমিটির সভাপতি মোঃ আলি আজগর, সহ-সভাপতি শাহাদত আলী, সাধারণ সম্পাদক মোঃ আতিয়ার রহমান (বান্টু), সহ-সাধারণ সম্পাদক মোঃ আঃ রাজ্জাক, সাংগঠনিক সম্পাদক মোঃ আবু হানিফ, সাংস্কৃতিক সম্পাদক মোঃ গোলাম মোস্তফা,ত্রাণ ও সমাজ কল্যান সম্পাদক মোঃ

শাকিল আহম্মেদ সহ অন্যান্য নেতৃবৃন্দ এসময় উপস্থিৎ ছিলেন।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে সবজী বাজারে আগুন

মেহেরপুরের গাংনীতে পেঁয়াজের দাম কিছুটা কমলেও সখবর নেই অন্য সব শীতের সবজির।

গত সপ্তাহে উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক বাজার মনিটরিং এর পর পেঁয়াজের দাম কিছুটা কমলেও অন্যান্য তরকারির দাম বাড়তির দিকে রয়েছে এখনও।

শুক্রবার (২৯-১১-২০১৯) বাজার ঘুরে দেখা যায় নতুন পেঁয়াজ বিক্রয় হচ্ছে কেজি প্রতি ১শ’৮০ টাকা গত সপ্তাহে যার দাম ছিল ২শ’ থেকে ২শ’১০ টাকা।

তাছাড়া শীতের নতুন সবজি বাজারে আসার সাথে সাথে দাম কমার কথা থাকলেও নতুন আলু কেজি প্রতি বিক্রয় হচ্ছে ৬০ টাকা করে এদিকে পুরাতন আলু বিক্রয় হচ্ছে কেজি প্রতি ৪০ টাকা যা গত সপ্তাহে ছিল ২৫ থেকে ৩০ টাকা কেজি।

রশুন বিক্রয় হচ্ছে গত সপ্তাহের দামেই যার কেজি ১শ’৮০ টাকা। বেগুন প্রতি কেজি বিক্রয় হচ্ছে ৪০ টাকা করে যা গত সপ্তাহে দাম ছিল কেজি প্রতি ২৫ থেকে ৩০ টাকা। শীতের আরেক নতুন সবজি গাজর বিক্রয় হচ্ছে প্রতি কেজি ৬০ টাকা করে।

শীত মৌসুমে শীতের সবজি বাজারে আসা শুরু করলে তার দাম কমতে থাকে অথচ বাস্তবতা ভিন্ন।

ক্রেতারা তাদের বাজারের বাজেট পরিকল্পনা করে আশানুরুপভাবে পন্য ক্রয় করতে না পেরে যতটুকু সম্ভব ততটুকু ক্রয় করছেন।

একজন ক্রেতা মেমেহরপুর প্রতিদিনকে বলেন, বাজারে তরিতরকারির দাম বাড়লেও আমাদের বেতন বা উপার্জন বাড়ছেনা। তরিতরকারি দামের কাছে

আমাদের উপার্জন অসহায় হয়ে পড়েছে।

সবজি বিক্রেতা মন্টু জানান, কয়েক সপ্তাহ পর নতুন সবজি সহ পেঁয়াজের দাম আরও কমতে পারে।

এদিকে দেশী মুরগির দামও গত সপ্তাহের মতোই ৩শ’৭০ থেকে ৩শ’৮০ টাকা কেজি বিক্রয় হচ্ছে। তাছাড়া ব্রয়লার মুরগি ১শ’১০ টাকা কেজি বিক্রয় হচ্ছে যা গত সপ্তাহে একই দাম ছিল।

এদিকে সোনালি ও পাকিস্তানি মুরগি বিক্রয় হচ্ছে ২শ’১০ টাকা প্রতি কেজি আগের সপ্তাহে দাম একই ছিল।
তবে সুখবর নেই মুদিও মালামালে।

মুদি দোকান ঘুরে দেখা গেছে তরকারির নিত্য প্রয়োজনিয় জিনিসের দাম প্রায় প্রতিটির দামই কেজি প্রতি ১০ থেকে ১৫ টাকা পর্যন্ত বেড়ে গেছে। বাজার ঘুরে দেখা গেছে সোয়াবিন তেল গত সপ্তাহে লিটার প্রতি বিক্রয় হয়েছে ৮৫ টাকা করে তার দাম বেড়ে এখন বিক্রয় হচ্ছে প্রতি লিটার ৯২ থেকে ৯৫ টাকা করে।

এলাচি বিক্রয় হচ্ছে প্রতি কেজি ৪ হাজার টাকা করে। এদিকে মসুরি ডাল গত সপ্তাহে ছিল প্রতি কেজি ১শ’১০ টাকা এর দাম বেড়ে চলতি সপ্তাহে বিক্রয় হচ্ছে কেজি প্রতি ১শ’২০ টাকা করে।

শীত মৌসুমে কখনও কলাইয়ের ডালের দাম বাড়তে দেখা যায়নি বলে মুদি ব্যবসায়ি বাবু জানান। তিনি বলেন কলাইয়ের ডাল শীতের সময় কম হওয়ার কথা অথচ এর দাম গত সপ্তাহের চাইতে কেজি প্রতি ১০ থেকে ১৪ টাকা পর্যন্ত বেড়ে গেছে।

গত সপ্তাহে কলাই ডালের দাম ছিল ৯৬ থেকে ১শ টাকা কেজি কিন্তু এখন বিক্রয় হচ্ছে কেজি প্রতি ১শ’১০টাকা করে। মুগডাল ছিল কেজি প্রতি ১শ’৪০ টাকা এ সপ্তাহে দাম বেড়ে বিক্রয় হচ্ছে কেজি প্রতি ১শ’৫০ টাকা করে।

নাম প্রকাশ না করার শর্তে এক খুচরা ব্যবসায়ী সাংবাদিকদের জানান, আমরা যে মহাজনের নিকট থেকে মালামাল ক্রয় করে থাকি তাদের কাছে পর্যাপ্ত পরিমানে মাল থাকলেও বিক্রয় করার মানসিকতা কম।

কারণ এর আগে তারাই আমাদের মালামাল ক্রয়ের জন্য তাগাদা দিত এখন আমাদেরই তাগাদা দিয়ে জিজ্ঞেস করতে হয় তারপরও তাদের আগ্রহ কম দেখা যায়।

তরকারি বাজারে শুধু মাত্র পেঁয়াজ সিন্ডিকেটকে কিছুটা নিয়ন্ত্রণ রাখতে পারলেও অন্যান্য পণ্যের দামে লাগাম দিতে পারেনি।

ক্রেতা সাধারণ মনে করছে তরকারি বাজারেও পাইকারি ব্যবসায়ীদের কারসাজি থাকতে পারে। কারণ এর আগে দু’পঁচ বছরের মধ্যে কখনও তরকারির বাজার অস্থিতিশীল হতে দেখা যায়নি।

বাজার অস্থিতিশীল কারি অসাধু ব্যবসায়ীদেরদের বিরুদ্ধে এখনই ব্যবস্থা নেওয়া উচিৎ বলে মনে করছেন ভুক্তোভোগি ও সচেতন মহল।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে সড়ক দুর্ঘটনায় পা হারাতে বসেছে কিশোরী

মেহেরপুরের গাংনী উপজেলার হিজলবাড়িয়া গ্রামে সড়ক দূর্ঘটনায় পা হারাতে বসেছে কিশোরী শাকিলা (১১)।

কিশোরী সাকিলা ঐ গ্রামের দিনমজুর সাকিল এর মেয়ে।
আহতের পরিবারের লোকজন জানায়, সকার সাড়ে ১১টার সময় গাংনী রবিউল ক্লিনিক থেকে প্রসুতি ও নবজাতক নিয়ে অটো গাড়ি চড়ে বাড়ি ফিরছিলেন।

ফেরার পথে হিজলবাড়িয়া গ্রামের ইউনিয়ন পরিষদ কার্যালয়ে পৌছলে বিপরীত দিক থেকে আসা জে এস গাড়ি অটোগাড়িকে ধাক্কা দিলে তা উল্টে যায়।

এতে সাকিলা নামের কিশোরীর ডান পায়ে মারাত্মক জখম হলে স্থানীরা তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে।

কর্তব্যরত ডাঃ এম কে রেজা জানান, কিশোরীর ডান পায়ের উরুতে মারাত্মক আঘাত হওয়ায় পায়ের হাড় গুড়ো হয়ে যাওয়ার আশংকা করছি।

তাছাড়াও পায়ের রগগুলোও বিচ্ছিন্ন হয়ে গেছে এবং অতিরিক্ত

রক্তক্ষরনের কারণে তার শারীরিক অবস্থাও ঝুকি রয়েছে সে কারণে তাকে কুষ্টিয়া মেডিকেলে রেফার্ড করা হয়েছে।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে ১৩ বোতল মদ উদ্ধার করেছে বিজিবি

মেহেরপুরে পরিত্যক্ত অবস্থায় ১৩ বোতল মদ উদ্ধার করেছে বিজিবি। শুক্রবার সকালে গাংনী উপজেলার কাথুলি সীমান্ত থেকে এ ভারতীয় মদ উদ্ধার করা হয়।

বিজিবি ক্যাম্প সুত্রে জানা যায়, শুক্রবার ভোরের দিকে কাথুলী সীমান্তে বিজিবি’র টহল দল টহলে থাকাকালীন অবস্থায় পার্শ্ববর্তী মাঠ থেকে পরিত্যক্ত অবস্থায় ১৩ বোতল মদ উদ্ধার করেন। কাথুলী সীমান্ত ক্যাম্পের হাবিলদার দেলোয়ার হোসেনের নেতৃত্বে ১৩ বোতল মদ উদ্ধার করা হয়।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুরে লাম্পি স্কিন ডিজিস রোগে আক্রান্ত ৬ শতাধিক গরু

মেহেরপুরে ছড়িয়ে পড়ছে গবাদি পশুর লাম্পি স্কিন ডিজিস (Lumpy Skin Disease) নামের নতুন এক ধরণের ভাইরাস জনিত রোগ। গত এক মাসে মেহেরপুরে এ পর্যন্ত ৬৩১টি লাম্পি স্কিন ডিজিস রোগে আক্রন্ত গরু চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে সদরে ২৯৬ টি, গাংনীতে ২১১ টি এবং মুজিবনগরে ১২৪ টি।

প্রাথমিক অবস্থায় অল্প কিছু সংখ্যক গরু আক্রান্ত হলেও ধীরে ধীরে আক্রান্তের পরিমান বৃদ্ধি পাচ্ছে। এতে গবাদি পশু চাষিরা পড়েছে বিপাকে। পশু হাসপাতালে চিকিৎসা নিতে এসেও খুব একটা লাভ হচ্ছে না বলে জানিয়েছে অনেক চাষি।

পর্যাপ্ত ডাক্তার না থাকায় সেই সাথে শুক্র-শনি ছুটি থাকায় আরো বেশি ক্ষতির মুখে চাষিরা।

মেহেরপুর শহরের বাসস্ট্যান্ড পাড়ার আলতাফ হোসেন বলেন, আমার ১টি গাভি ও ১টি বাছুর আছে। কিছুদিন আগে দুটি গরু লাম্পি স্কিন ডিজিস রোগে আক্রান্ত হয়। পরবতিতে মেহেরপুর পশু হাসপালে চিকিৎসা নিলে রোগ ভালো হয়ে যায়।

দিঘির পাড়ার পলাশ বলেন, আমার ৮টি গরু আছে এর মধ্যে ১টি গরু আক্রান্ত হয়েছে। এটির চিকিৎসা চলছে সেই বাকি গুলো নিয়েও আতঙ্কে আছি।

আমঝুপি গ্রামের কাবাদুল বলেন, গত চার দিন আগে গরুর গায়ে ছোট ছোট ক্ষত দেখতে পাই। পরে এগুলো আরো বেশি দেখা যায়। আমার দুইটা গরু এই রোগে আক্রান্ত।

বসন্তপুর গ্রামের কল্পনা বলেন, আমার দুইটা গরু আক্রান্ত। মেহেরপুর পশু হাসপাতালে গিয়েছিলাম। সেখান থেকে ওষুধ আনা হয়েছে। কিন্তু ডাক্তার অল্প থাকার কারনে সেবা দিতে কিছুটা দেরি হচ্ছে।

মেহেরপুর জেলা প্রানী সম্পদ অফিস থেকে জানা যায়, ভিবিডি ভাইরাস এর আক্রমনে এ রোগ হচ্ছে। এ রোগে পশুর মৃত্যু ঝুকি ১ থেকে ২ ভাগ। মেহেরপুর জেলাতে এ পর্যন্ত লাম্পি স্কিন ডিজিস রোগে ৬৩১ টি গরুকে চিহ্নিত করা হয়েছে। প্রাথমিক অবস্থায় পশুর চামড়ায় ছোট ছোট গুটি দেখা যায়। পরবর্তিতে এগুলো ক্ষতের সৃষ্টি হয়। কিন্তু নিয়মিত চিকিৎসা করলে এ রোগ ভালো হয়ে যায়। নতুন এই রোগের সাথে অনেকেই পরিচিত না থাকায় বেশি ছড়িয়ে পড়ছে বলে মনে করছে বিশেষজ্ঞরা।

মেহেরপুর সদর উপজেলার ভেটেরনারী সার্জন ডা. নুর আলম বলেন, মেহেরপুরে লাম্পি স্কিন ডিজিস রোগ দেখা দিয়েছে। আমরা এ রোগ প্রতিরোধের জন্য চেষ্টা করে যাচ্ছি।

এ রোগ গুলো যেভাবে ছড়াই সেগুলো এড়িয়ে চলতে হবে যেমন মশা,

মাছি, আটালি এ গুলো নিয়ন্ত্রণের ব্যাবস্থা করতে হবে। আক্রান্ত পশুকে জ্বর ও ব্যাথানাশক ফ্লুইড থেরাপি আইভি স্যালাইন ও জটিলতা বেশি হলে এন্টিবায়োটিক খাওয়ালে রোগ ভালো হয়ে যায়।

আমাদের পশু হাসপাতাল থেকে সব রকম সুবিধা দেওয়া হচ্ছে। কিন্তু জনবল কম থাকায় একটু হিমশিম খেতে হচ্ছে। মেহেরপুরে উপ সহকারি প্রানী সম্পদ কর্মকর্ত ৩ জনের স্থলে ১ জন আছে। তিনি জানান, প্রতি ইউনিয়নে ৩ জন করে উপসহকারি প্রয়োজন এবং প্রতি উপজেলায় ৩ জন করে সার্জন প্রয়োজন।

- নিজস্ব প্রতিবেদক

গাংনীতে ধর্ষিতা নারীর সন্তান প্রসব

মেহেরপুরের গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়নের মিনাপাড়া গ্রামে ধর্ষণের শিকার সেই নারী এবার পুত্র সন্তান প্রসব করেছেন।

গত বুধবার সন্ধ্যার দিকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সন্তান প্রসব করেন।
মামলার বাদী ধর্ষিতা ওই নারী জানান, মিনাপাড়া গ্রামের কুদ্দুস আলীর ছেলে হাসান আলী বিয়ের প্রলোভন দেখিয়ে প্রতিনিয়ত তার সাথে দৈহিক মেলামেশা করায় গর্ভবতি হয়ে পড়ি।

বিষয়টি হাসান আলীকে জানালে সে কিছু টাকা দিয়ে কোন ক্লিনিক থেকে গর্ভপাত ঘটানোর কথা বলে।
ধর্ষিতা নারীর স্বজনরা জানায়, যতোই দিন অতিবাহিত হয় ততোই তার শরীর বাড়তে থাকে। তার শারীরিক অস্থা দেখে বিষয়টি জেনে যায় পরিবারসহ প্রতিবেশী।

এমনকি গ্রামবাসিও। বিয়ের জন্য হাসান আলীকে বারবার অনুরোধ করা হলে সে বিয়েতে অপারগতা প্রকাশ করে।
গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, ধর্ষিতা নারী বাদী হয়ে

হাসান আলীর নামে ধর্ষণের একটি মামলা দায়ের করেছে। যার নং ২৪ তাং ২৫/০৬/১৯ ইং।

ধর্ষিতা নারীর মা জানায়, নবজাতকের পিতার স্বীকৃতি চায়। সন্তান প্রসব করার পর থেকে মামলার আসামী ও তার স্বজনরা সন্তান ছিনিয়ে নিতে মরিয়া হয়ে উঠেছে।

বর্তমানে আমরা আতঙ্কিত অবস্থায় হাসপাতালে রয়েছি।
গাংনী থানার এস আই ও মামলার তদন্তকারী কর্মকর্তা মাহাতাব আলী জানান, মামলার আসামী হাসানের ডিএনএ টেষ্ট করা হয়েছে।

এখন নবজাতকের ডিএনএ টেষ্ট করতে হবে। ডিএনএ টেষ্টের পর অপরাধী সনাক্ত করা সম্ভব হবে। এরপর আদালতে র্চাজশীট দেয়া হবে। মামলার আসামী হাসান আলী স¤প্রতি জামিনে মুক্তি পেয়েছেন।

- গাংনী প্রতিনিধি

বন্ধ হচ্ছে অনিবন্ধিত অনলাইন পত্রিকা

অনিবন্ধিত অবৈধ অনলাইন নিউজপোর্টালের বিরুদ্ধে ব্যবস্থা নিতে যাচ্ছে সরকার।

আসছে ৩০ নভেম্বরের পর থেকেই সরকার এ বিষয়ে কার্যকর পদক্ষেপ নেওয়া শুরু করবে বলে জানিয়েছেন তথ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান।

বুধবার সন্ধ্যায় জাতীয় জাদুঘরে কবি সুফিয়া কামাল মিলনায়তনে দুর্জয় বাংলা সাহিত্য ও সামাজিক ফাউন্ডেশনের পঞ্চম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা জানান।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা শীর্ষক কর্মশালা

মেহেরপুর পৌরসভার কালাচাঁদ মেমোরিয়াল হলে মনুষ্য বর্জ্য ব্যবস্থাপনা শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর পৌর সভার সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন এর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রাক্টিক্যাল একশন এর প্রকল্প ব্যবস্থাপক সাইফ মঞ্জুর, প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আল মামুন, সোহেলের ডলার, জাফর ইকবাল, মীর জাহাঙ্গীর হোসেন, শাকিল রাব্বি ইভান, রুলস অফ রাজিব, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি, উপজেলা সমবায় কর্মকর্তা স্বপন কুমার সরকার, পৌর সচিব তৌফিকুল আলম প্রমূখ।

- নিজস্ব প্রতিনিধি

জীবননগরে ইট ভাটার ট্রাক্টর চাপায় শিশুর মৃত্যু

চুয়াডাঙ্গা জীবননগরে ইট ভাটার ট্রাক্টর চাপায় পিষ্ট হয়ে জোনায়াদ
(৫) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার দুপুরে জীবননগর উপজেলার রায়পুর ইউনিয়নের বারান্ডিপাড়ায় এ ঘটনা ঘটেছে । এ ঘটনায় উৎছুক জনতা দুইটি ট্রাক্টরে আগুন ধরিয়ে জালিয়ে দেয়। নিহত শিশু

জোনায়েদ বারান্ডিপাড়ার বিল্লাল হোসেনের ছেলে।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম জানান, দুপুরে শিশু জোনায়েদ রাস্তার পাশে বন্ধুদের সাথে খেলা করছিলো এমন সময় আন্দুলবাড়িয়ার খাঁন ব্রিক্সের দুটি ট্রাক্টর বেপরোয়া ভাবে চালিয়ে আসছিলো। এ সময় গাড়ির চালক নিয়ন্ত্রণ হারিয়ে ফেললে এ দুর্ঘটনা ঘটে।

-চুয়াডাঙ্গা প্রতিনিধি